শীতবস্ত্রের বিপুল আয়োজন

## শিবদুর্গা বস্ত্রালয়

রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর উত্তর দরজা

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা ফাল্গুন বুধবার ১৩৬৮ ইংরাজী 14th Feb. 1962 { ৩৬শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sesur

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।





খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক :

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA G. P. ISSS

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২রা ফাল্গুন বুধবার সন ১৩৬৮ সাল।

## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

গত ৭ই ফেব্রুয়ারী বুধবার জঙ্গিপুর ফৌজদারী কোর্ট ময়দানে রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীগণের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। উক্ত ক্রীড়া প্রতিযোগিতায় জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীঅমল-কৃষ্ণ গুপ্ত মহাশয় সভাপতিত্ব করেন এবং তাঁহার সহধর্ম্মিণী শ্রীপ্রতিমা গুপ্ত মহাশয়া পুরস্কার বিতরণ করেন। মহকুমা পুলিশ অফিসার শ্রীপল্ অজিত মণ্ডল মহাশয় প্রধান অতিথির আসন গ্রহণ করেন।

## নূতন পোষ্ট অফিস

বিগত ২রা জানুয়ারী সেখদীঘি জুনিয়র হাই স্কুলের একটা ঘরে "রমনা সেখদীঘি" নামে এক পোষ্ট অফিস খোলা হইয়াছে। পার্শ্ববর্ত্তী হাজীপুর, ফুলসহরী, বাবুরীগ্রাম, মিল্কী, সেখদীঘি, শীতলপাড়া, উদয়নগর, অনুপপুর প্রভৃতি গ্রাম-সমূহের অধিবাসিবৃন্দের চিঠিপত্র, রেজেষ্ট্রী, পার্শ্বেল ও মনিঅর্ডার এই পোষ্ট অফিস হইতে বিলি হইতেছে।

## পরলোকে সজনীকান্ত দাস

গত ২৮শে মাঘ রবিবার বৈকালে বাংলার সুবিখ্যাত সাহিত্যিক শ্রীসজনীকান্ত দাস মহাশয় করোনারী থ্রম্বসিস রোগে আক্রান্ত হইয়া পরলোক-গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৬১ বৎসর হইয়াছিল। তিনি বিধবা পত্নী, এক পুত্র, পাঁচ কন্যা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। তিনি বহু কাব্য-উপন্যাস, প্রবন্ধ-নিবন্ধ, চিত্রনাট্য প্রভৃতি রচনার মধ্য দিয়া দীর্ঘকাল বঙ্গভাষার সেবা করিয়াছেন। তাঁহার স্থান পূরণ হইবার নহে। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

## ভোট বিভীষিকা



ওই বুঝি আসে প্রতিদ্বন্দ্বী মোর
পাত্র মিত্র সমভিব্যাহারে,
আক্রমণ করিবারে চৌদিক হইতে,
মার মার রবে!
ভীষণ কম্পিটিশন,
ষড়যন্ত্র, তোষামোদ, অর্থ প্রলোভন,
ভয় প্রদর্শন কিংবা বন্ধুতা স্থাপন,
এতগুলি অস্ত্র তারা করিবে প্রয়োগ
মোর প্রতি, পরাজিতে মোরে।
শত্রুপক্ষে কত অস্ত্র! কত সৈন্য!
আমি শুধু একা,
পুঁজি মোর—তোষামোদ,
ভোঁতা হাতিয়ার!
প্রাণ বুঝি যায় এবে,
হায়রে যেমতি সপ্তরথী-ব্যূহমাঝে
অকালে ত্যজিল প্রাণ অভিমন্যু—
অর্জ্জুন তনয়, না জানি নির্গম!
পেট মোটা স্থূল-বপু, হোমড়া চোমড়া,
কোটিপতি লক্ষপতি নামিয়াছে রণে!
পারিব কি দাঁড়াইতে তাদের সম্মুখে।
রোজ খাটি, রোজ খাই, আমি,
কেন মম দুরাকাঙ্ক্ষা জাগিল অন্তরে?
পঙ্গুর যেমন আশা লঙ্ঘিবারে গিরি,
অথবা যেমতি
কুজো মনে আশা করে চিৎ হ'য়ে শু'তে!
কিংবা কাঠকুড়োনীর রাণী হ'তে যাওয়া।
না! না!
অযোগ্য তাদের চেয়ে কিসে আমি?
ক'জন ডিপ্লোমা ধরে আমার মতন?
কার চেয়ে খাটো আমি?
কার চেয়ে নালায়েক?
কার চেয়ে কম আমি বাক্য-পটুতায়?
বড় ওস্তাদের মত দিই নাই দুই পদ
দুই নৌকায় আজও!
তবে কেন ভীরু কাপুরুষবৎ
জল না দেখিয়া মোজা খুলি অকারণ!
নেমে পড়ি, দুর্গা ব'লে, ভোট যুদ্ধে
পারি হারি অযশ কি তাতে?
পরাজয় বীরের বাঞ্ছিত পৃষ্ঠ প্রদর্শন চেয়ে।
আয়! আয়! প্রতিদ্বন্দ্বী সব
ভীত নহি ভয়েতে তোদের,
মারি কিংবা মরি এই করিলাম পণ।
মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।
অর্থবল তোদের সম্বল,
ভয় দেখাইয়া যত ভোটদাতাগণে,
ভোট নিবি তোরা।
আমি নিব দেশমাতৃকার দোহাই প্রদানি।
পরেছি খদ্দর ধুতি খদ্দর চাদর,
ছাড়িয়াছি জামা জুতা
ধরিয়াছি চটি।
যে মুখে বলেছি কত 'বন্দেমাতরম্'
যে মুখে বলেছি 'জয় মহাত্মাকী জয়',
সেই মুখে বাহিরিছে দে ভোট! দে ভোট!!
তবে এক কথা—
জাগে নাই দেশবাসী আজও,
বুঝে নাই তারা সবে কিস্মৎ আমার!
কি দেশাত্মবোধ-অগ্নি
জ্বলিতেছে ধিকি ধিকি হৃদয়ে আমার,
মালুম কে পাবে তাহা আমি বিনে
আর সেই অন্তর্যামী বিনা।

গিন্নি জানে কতক কতক।
নিদ্রাবশে স্বপনের ঘোরে
ভোট! ভোট!! বলি যবে করি চীৎকার,
চমকিয়া উঠি প্রিয়া করেন সান্ত্বনা
—কি 'ম্যানিয়া' হ'ল নাথ! কি ছার লালসা,
ব্যাধিরূপে পরিণত হইল তোমার!
জেগে উঠে বলি তারে—
নিশ্চয় জানিও ভদ্রে! দরবার আসনে
বসি, তার ঘুচাইব কলঙ্ক-কালিমা।
সদস্যের মান অনুমানি প্রিয়া
আশায় বাঁধিয়া বুক
উৎসাহিত করে মোরে আরও,
তিনিও করেন আশা—
হইবেন সদস্য-গৃহিণী।
কর্ত্তা গিন্নি উভয়ের
আশার অবধি নাই।
সে আশায় হইলে বঞ্চিত
উভয়েই হব মর্ম্মাহত।
পুরুষ মানুষ আমি,
পারিব সহিতে সকল লাঞ্ছনা।
কি ক'য়ে বুঝাব তারে
হায়রে কি ক'য়ে!
তাই বলি—দেশবাসিগণ
মানসহ রাখ প্রাণ
'ভোটাইয়া' দাও মোরে বসাইয়া সদস্য আসনে।
নতুবা ত্যজিব প্রাণ আফিং খাইয়া,
অথবা চলিয়া যাব হইয়া সন্ন্যাসী
হিমালয় গুহা মাঝে,
কিংবা প্রবেশিব অতল জলধি গর্ভে
পশেছে যেমতি রাখিবারে
মর্য্যাদা আপন, চিরতরে মৈনাক পর্ব্বত।
দেশবাসিগণ! বিবেচনা করি
দেখ বুঝে—
মোর চেয়ে যোগ্য প্রার্থী আছে কয় জন?
সময় পাইয়া ঝাড়িওনা ক্যাট্ ক্যাট্ বুলি,
ভুলে যাও গত চৌদ্দ বর্ষ কথা।
"গতস্য শোচনা নাস্তি" শাস্ত্রের বচন।
দেখ মোরে এই 'চান্স' দিয়া
অঘটন ঘটাইব কাউন্সিল মাঝে।
বুঝিবে তখন কেমন দেশের সেবা-কার্য্য
জানি আমি।

---

## পশ্চিমবঙ্গে সাধারণ নির্বাচন

### ভোট গ্রহণের দিনগুলিতে সরকারী অফিসসমূহ বন্ধ থাকিবে

—০—

সংবিধান অনুযায়ী তৃতীয় সাধারণ নির্বাচনে লোকসভা এবং পশ্চিমবঙ্গ বিধানসভার ভোট গ্রহণের ব্যবস্থা উপলক্ষে পশ্চিমবঙ্গ সরকার কোন জেলার মহকুমার নির্ব্বাচনক্ষেত্র সমূহের জন্য নির্দ্ধারিত ভোট গ্রহণের তারিখগুলিতে (ঐরূপ কোন তারিখ ইতিপূর্ব্বেই ছুটির দিন না হইলে) ঐরূপ কোন মহকুমাস্থিত যাবতীয় সরকারী অফিস (কলেজ ও বিদ্যালয়সহ) বন্ধ রাখা উচিত বলিয়া নির্দেশ দান করিয়াছেন। অত্যাবশ্যক কার্য সম্পাদনের জন্য ট্রেজারি ও সাব-ট্রেজারিগুলি খোলা থাকিবে, তবে কর্মীসংখ্যা কম থাকিবার জন্য জনসাধারণকে ঐরূপ বন্ধ থাকাকালীন ট্রেজারিগুলির সহিত লেনদেন সীমাবদ্ধ করার অনুরোধ করা যাইতেছে। আমাদের জাতীয় ইতিহাসের অন্যতম বৃহত্তম ঘটনা সাধারণ নির্ব্বাচন যাহাতে সাফল্যের সহিত পরিচালিত হইতে পারে এই উদ্দেশ্যে যাবতীয় প্রতিষ্ঠান ও অন্যান্য মালিকগণ বেতনের কোন হানি না ঘটাইয়া তাঁহাদের কর্মীদের ভোটদানের-সুবিধা দিবার ব্যাপারে সরকারের সহিত সহযোগিতা করিবেন বলিয়া পশ্চিমবঙ্গ সরকারের আস্থা আছে। সরকার আরও প্রস্তাব করেন যে, কোন নির্ব্বাচনক্ষেত্রের ভোট গ্রহণের দিন কোন বিশেষ সংস্থা বিকল্প ছুটির দিনের অর্থাৎ কর্মীরা যে দিন ছুটি পাইবার অধিকারী সেইদিনের পরিবর্তে ছুটির বন্দোবস্ত করিবেন। কর্তৃপক্ষগণ কর্ত্তৃক তদনুসারে ব্যবস্থা অবলম্বিত হইবে বলিয়া সরকার আশা করেন।

—প্রেসনোট

---

## ১১২ বৎসর বয়সে পুনর্যৌবন প্রাপ্তি

এলিক্যালি (স্পেন), ৮ই ফেব্রুয়ারী—১১২ বৎসর বয়স্কা স্পেনীয় নারী মিসেস জুয়ানা অর্টেগা ভিল্লারিয়া বহু বৎসর পূর্ব্বের তাঁহার হারানো দাঁতগুলি ফিরিয়া পাইতেছেন এবং তাঁহার মাথার পক্ক কেশরাশিও পুনরায় কৃষ্ণবর্ণ ধারণ করিতেছে। চিকিৎসক ও সাংবাদিকরা তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গেলে তিনি বলেন যে, গত সপ্তাহে অষ্টগ্রহের সমাবেশের ফলে পৃথিবীর আয়ুষ্কাল নিঃশেষ হইবে—এই ভবিষ্যদ্বাণীতে তাঁহার মৃত্যু-ভয় দেখা দিয়াছিল। যাহা হউক, তাঁহার যৌবনপ্রাপ্তির বিস্ময়কর অবস্থা কিভাবে ঘটিল, তাহার কোন ব্যাখ্যা তিনি খুঁজিয়া পান নাই এবং অপর কেহও ইহার কোন বৈজ্ঞানিক-হেতু বলিয়া দিতে পারেন নাই। তিনি তাঁহাদিগকে বলেন আমি আরও কয়েক বছর বাঁচিয়া থাকিতে চাহি। তাঁহার সংগৃহীত বস্তুগুলির মধ্যে আছে তাঁহার শতাব্দী পুরাতন স্কুল-বই। মিসেস অর্টেগার ৯০ বৎসর বয়স্ক এক পুত্র, ১৯ জন দৌহিত্র এবং ৩০ জন প্রপৌত্র বাঁচিয়া আছেন।

---

## ফলাকাটায় নেতাজী

শিলিগুড়ি, ১০ই ফেব্রুয়ারী—এখান হইতে এক শত মাইল দূরে ফলাকাটায় কিছুদিন যাবৎ নেতাজী সুভাষের ন্যায় আকৃতির যে সাধু বাস করিতেছেন তিনি প্রকৃত নেতাজী, এই মর্মে সংবাদ ছড়াইলে আজ এখানে যথেষ্ট চাঞ্চল্য সৃষ্টি হয়। এই খবরের প্রকৃত সূত্র এখনও নির্দ্ধারিত হয় নাই। এই সংবাদ ছড়াইয়া পড়ার সঙ্গে সঙ্গে ফলাকাটার জনৈক অধিবাসীকে এই বিষয়ে প্রশ্ন করা হয়। তিনি উত্তরে বলেন যে, সাধুর আশ্রমের জনৈক কর্মী আজ বলেন যে, উক্ত সাধুই প্রকৃত নেতাজী। কিন্তু সাধু বর্ত্তমানে কতকগুলি কারণে তাঁহার পরিচয় প্রকাশ করিতে রাজী নহেন। সংবাদ শুনিবামাত্র বহু লোক কোর্টের দিকে এবং অন্যান্য স্থানে আসল খবর পাওয়ার জন্য ছুটাছুটি করিতে থাকে। সরকারী অফিসগুলিতে এই বিষয়ে প্রশ্ন করিয়া ঘন ঘন ফোন আসিতে থাকে। সহরের রাস্তায়, চা-এর দোকানে এই সম্পর্কে নানা গল্পগুজব শোনা যায়। বহু লোক খবর পাওয়া মাত্র মোটরযোগে ফলাকাটা অভিমুখে যাত্রা করিয়াছেন।

—যুগান্তর

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

(ছাত্রবন্ধু পুস্তকালয়ের সম্মুখে)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলিঃ 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪১৬৬ |



আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকটিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।